গাংনীতে পূজা উপলক্ষে পুলিশের ব্রিফিং

মেহেরপুরের গাংনীতে শারদীয় দুর্গাপূজা উপলক্ষে পুলিশের ব্রিফিং প্যারেড অনুষ্ঠিত হয়। এ সময় গাংনী থানার সকল পর্যায়ের পুলিশ সদস্য ও আনসার বাহিনীর সদস্যরা উপস্থিত ছিলেন। বৃহস্পতিবার বেলা ১১টার দিকে গাংনী থানা চত্বরে এ ব্রিফিং প্যারেড অনুষ্ঠিত হয়। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ওবায়দুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মেহেরপুরের পুলিশ সুপার এস এম মুরাদ আলি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার মেহেরপুর সদর হাসিব উল আলম, আনসার ভিডিপি গাংনী উপজেলা কর্মকর্তা উর্মিলা খাতুন। অনুষ্ঠানটির সঞ্চালনা করেন গাংনী থানার অফিসার ইনচার্জ (তদন্ত) সাজেদুর রহমান। দুর্গাপূজা উপলক্ষে আনসার বাহিনী সদস্যদের দায়িত্ব-কর্তব্য ও করণীয় বিষয়ে ব্রিফ করা হয়। মেহেরপুরের পুলিশ সুপার এসএম মুরাদ আলি বলেন, গাংনীতে মোট ২২টি পূজা মন্ডপ সহ জেলায় মোট ৪১টি পূজা মন্ডপকে উৎসব মূখর করে তোলা ও পরিবেশ সুন্দর করে রাখার দায়িত্ব আমাদের সকলের। এ জন্য সকলকে সহযোগিতা করতে হবে। সেই সাথে আমার বিভিন্ন ধাপে সাজানো পুলিশ বাহিনী ও আনসার বাহিনীর সদস্যরা সার্বক্ষণিক সহযোগিতায় থাকবে। এছাড়াও সাদা পোশাকে গোপন শাখার পুলিশ সদস্যরা এবং টহল পুলিশ এবং সমন্বয় কমিটির সদস্যরা সার্বিক সহযোগিতায় থাকছেন। এছাড়াও কোথাও কোন বিচ্ছিন্ন ঘটনা দেখা দিলে সাথে সাথে পুলিশ কন্ট্রোলরুম বা ইতোপূর্বে সরবরাহ করা মোবাইল নাম্বারে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে যোগাযোগের পরামর্শ দেন।

মেহেরপুরে আসছেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী

৪ দিনের সরকারি সফরে মেহেরপুরে আসছেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য, জেলা আওয়ামীলীগের সভাপতি ফরহাদ

হোসেন। এই ৪ দিনে তিনি মেহেরপুরের বিভিন্ন সরকারি, বেসরকারী ও দলীয় অনুষ্ঠানে অংশ নেবেন। জনপ্রশাসন প্রতিমন্ত্রীর একান্ত সচিব মো: রেজাউল আলম স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানা গেছে। সফর সূচীর মধ্যে রয়েছে বৃহস্পতিবার বিকাল ৫ টায় হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর থেকে যশোরের উদ্দেশ্যে রওনা হবেন। যশোর থেকে সড়ক পথে ঝিনেদাহ হয়ে মেহেরপুর নিজ বাসভবনে রাত ১০ টায় পৌছাবেন। শুক্রবার বিকাল ৩ টায় গাংনী উপজেলার ভাটপাড়া জেলা প্রশাসক ইকো পার্কের উন্নয়ন কাজের ভিক্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে যোগদান।
পরদিন ৫ অক্টোবর শনিবার বিকাল ৩ টায় মেহেরপুর আওয়ামী লীগ দলীয় অফিসে মেহেরপুর জেলা আওয়ামী লীগের বর্ধিত সভায় যোগদান। ৬ অক্টোবর রবিবার ৬.১০ মিনিটে যশোর বিমান বন্দরের উদ্দেশ্যে মেহেরপুর ত্যাগ করবেন।

মেহেরপুর হাসপাতালে ঔষধের মেয়াদ থাকলেও মান নেই

মেহেরপুর জেনারেল হাসপাতালে রোগীদের দেওয়া হচ্ছে মান হিন ঔষধ। প্যাকেটের গায়ে লেখা মেয়াদ থাকলেও নষ্ট হয়ে গেছে এই সব সরবরাহকৃত ঔষধ। বৃহস্পতিবার হাসপাতালের এক রোগীকে হাসপাতালের সরবরাহ করা একপাতা (১০টি) ক্লোপিডোগরেল ৭৫ (হার্টের ঔষধ) এবং এ্যাসপিরিন ট্যাবলেট দেওয়া হয়। এর মধ্যে ক্লোপিডোগরেল ৭৫ ঔষধটির মান নি¤œ ছিল বলে অভিযোগ করেছে রোগীরা। তারা বলেন হাসপাতাল থেকে সরবরাহ করা ঔষধে ছত্রাক জমে গেছে বা গ্রাম বাংলার ভাষায় যাকে বলে ছাতা পড়ে গেছে। বিষয়টি নিয়ে হাসপাতাল তত্ত্বাবধায়ক তাহাজ্জেল হোসেন এর কাছে গেলে উনি কোন কথায় শুনতে চাননি। পরে তত্ত্বাবধায়কক বলেন, এই ঔষধ এখানে আছে এটার জন্য আমি দায়ী না। আপনারা যা পারেন করেন, আমার এখানে থাকার কোন ইচ্ছা নাই । সরেজমিনে গিয়ে দেখা যায়, ক্লোপিডোগরেল ৭৫ ঔষটির গায়ে মেয়াদ থাকলেও ঔষধের মান কমে গেছে। ফলে ভালো অবস্থায় যে রকম রঙ থাকার কথা সে রকম রঙ নেই। ঔষধের উপর হালকা চাপ দিতেই গুড়ো হয়ে যাচ্ছে। ঘটনা যানা জানি হলে রোগীর কয়েকজন আত্মীয়র জেরার মুখে পড়েন হাসপাতালের আর এম ও ডা.

মেহেরপুরে সবজী ভর্তি ট্রাক থেকে ফেন্সিডিল উদ্ধার

মেহেরপুরের মুজিবনগরে সবজীর ভর্তি ট্রাক থেকে ফেন্সিডিল উদ্ধার করেছে মেহেরপুর ডিবি পুলিশ। বৃহস্পতিবার সন্ধা ৬ টায় মুজিবনগর উপজেলার মহাজনপুর গ্রাম থেকে সবজী ভর্তি একটি ট্রাক যার নাম্বার ঢাকা মেট্রো ট – ২২-৩২২৮ ঢাকার উদ্দেশ্যে ছেড়ে যাওয়ার পূর্বে মেহেরপুর ডিবি পুলিশের একটি দল ট্রাকটি আটক করে। এসময় ট্রাকের ভিতরে থাকা শশা, করলা, লাউ, চিচিঙ্গা ভর্তি বস্তাসহ ট্রাকটি মেহেরপুর জেলা গোয়েন্দা কার্যালয়ে নিয়ে আসে। রাত ৮ টার দিকে শশার বস্তাগুলি কেটে শশাগুলি বের করলে তার মধ্যে থাকা ১৫৪ বোতল ফেন্সিডিল উদ্ধার হয়।
এ বিষয়ে মেহেরপুর জেলা পুলিশ সুপার এস এম মুরাদ আলী সংক্ষিপ্ত প্রেস ব্রিফিং এ বলেন, গোপন সংবাদের ভিত্তিতে ডিবির একটি দল সন্ধা ৬ টার দিকে মুজিবনগর উপজেলার মহাজনপুরে গিয়ে সবজী ভর্তি ট্রাকটিকে জব্দ করে মেহেরপুরে নিয়ে আসে। পরে রাত ৮ টা পর্যন্ত ট্রাকটি তল্লাশি করে ১৫৪ বোতল ফেন্সিডিল পাওয়া যায়। ট্রাকের ড্রাইভার নুর ইসলাম ও হেলপার নিয়াম বিশ্বাসকে আটক করে জিজ্ঞাসাবাদ চলছে।

মেহেরপুরে জেলার সহ ৩ জন কারাগারে

মেহেরপুর জেলখানায় আসামি হত্যার দায়ে মেহেরপুর জেলখানার সাবেক জেলার মোঃ আক্তার হোসেন, সাবেক প্রধান কারারক্ষীর আলামিন ও

গঞ্জের আলীকে কারাগারে পাঠিয়েছে আদালত। বৃহস্পতিবার বিকেলে দিকে মামলার আসামিরা মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালত জামিনের আবেদন করলে বিচারক জেলা ও দায়রা জজ এসএম আব্দুস সালাম তাদের জামিন নামঞ্জুর করে কারাগারে পাঠানোর নির্দেশ দেন। জেলার মোঃ আক্তার হোসেন বর্তমানে পিরোজপুর জেলখানার জেলার হিসেবে দায়িত্ব পালন করছেন। আলামিন যশোর জেলখানার প্রধান কারারক্ষীর দায়িত্ব পালন করছেন এবং গঞ্জের আলী অবসরে গেছেন। বৃহস্পতিবার তিন আসামি আদালতে জামিন আবেদন করেন। আদালত শুনানি শেষে বিচারক তাদের জামিন নামঞ্জুর করে কারাগারে পাঠানোর নির্দেশ দেন। মামলায় রাষ্ট্রপক্ষের কৌশলী ছিলেন পিপি পল্লব ভট্টাচার্য এবং আসামি পক্ষে কৌশলী ছিলেন ইয়ারুল ইসলাম। মামলার বিবরণে জানা গেছে মেহেরপুর জেলা গাংনী উপজেলার বালিয়া ঘাট গ্রামের জামিরুলকে ২০১৬ সালে ৩ অক্টোবর একটি মাদক মামলায় আদালতের মাধ্যমে মেহেরপুর কারাগারে পাঠানো হয়। এরপর ১৭ আক্টোবর তারিখে জামিরুলের জেলখানায় মৃত্যু হয়। জেলার মোঃ আক্তার হোসেন সে সময় জানান, আসামী জামিরুল জেল খানায় গলায় গামছা পেচিয়ে আত্মহত্যার করে। এ ঘটনায় আসামীর স্ত্রী একটি হত্যা মামলা দায়ের করেন। পরে মামলার তদন্ত শেষ হলেও তদন্ত রিপোটে বলা হয় বিষয়টি রহস্যজনক । এর পর মামলাটি সিআইডিতে হস্তান্তর করা হয়। সিআইডি যশোর অঞ্চলের অতিরিক্ত পুলিশ সুপার রেশমা শারমিন বিষয়টি প্রাথমিক তদন্ত শেষ করে আদালতে চার্জশিট দাখিল করেন। তিনি তার তদন্ত রিপোটে উল্লেখ করেন নির্যাতনের ফলে আসামী মৃত্যুবরণ করেছেন। আসামী নির্যাতন ও হেফাজতে মৃত্যু আইন ২০১৩ এর ১৫ ধারায় মামলা রেকর্ড করা হয়।

গাংনীর নবিনপুর সরকারি বিদ্যালয় দুই বছরেও শেষ হয়নি নির্মাণ কাজ

আকতারুজ্জামান, গাংনী:

মেহেরপুরের গাংনীতে নবিনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়টি দুই

জরাজীর্ণ অবস্থায় আজো বিরাজমান। আকাশে মেঘ উঠতে দেখলেই বাড়ি পালাতে হয় শিক্ষার্থীদের।
দ্রত বিদ্যালয়ের ভবন নির্মান না হলে প্রথমিক শিক্ষা ব্যাবস্থা ভেঙ্গে পড়াসহ শিক্ষার্থী ঝরে পড়তে পারে বলে জানালেন প্রধান শিক্ষক তামজিদুর রহমান মুক্তি। তিনি আরো বলেন, ২০১৭-১৮ইং অর্থবছরে ১৭ টি বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণ কাজ হবে,তার মধ্যে আমাদের বিদ্যালয়টিও আছে। কিন্তু কবে নাগাদ হবে তা বলতে পারিনা। বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি মোঃ সুমন আহাম্মেদ সুজন জানান, প্রায় দু’বছর হতে চলেছে ভবন নির্মান কাজ স্থগিত রয়েছে। তবে বিভিন্ন জায়গায় দৌড়াদড়ি করতে যেয়ে হাঁপিয়ে উঠেছি। এব্যাপারে সংশ্লিষ্ট কারো সাথে যোগাযোগ করা হচ্ছেনা, তবে শুনেছি পর্যায়ক্রমে ভবনটি নির্মান হবে। গাংনী উপজেলা প্রকৌশলী চৌধুরী জানান,মজিদুর রহমান চৌধুরীকে জানতে চাইলে তিনি এব্যাপারে কিছু জানাতে পারেনি।

তুষার হত্যা চেষ্টার আসামীদের দ্রুত গ্রেফতারের দাবিতে মানব বন্ধন

মেহেরপুর জেলা ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক তুষার ইমরানের উপর হামলাকরিদের দ্রুত গ্রেফতারের দাবিতে সড়ক অবরোধ করে মানব বন্ধন করেছে মেহেরপুর সরকারি কলেজ ছাত্রলীগ। বৃহস্পিতবার দুপুরে মেহেরপুর সরকারি কলেজের সামনে সড়ক অবরোধ করে শতশত শিক্ষার্থরা মানব বন্ধন করে। মানব বন্ধনে বক্তব্য দেন মেহেরপুর জেলা ছাত্রলীগের সহ সভাপতি কুদরত-ই খোদা রুবেল, দুলাল মাহমুদ, ছাত্রলীগ নেতা আবু মোরশেদ শোভন সরকার। এসময় বক্তারা বলেন, আশিকের নেতৃত্বে ছাত্রলীগ নেতা তুষারের উপর হামলা চালানো হয়। এ ঘটনা তিন দিন পার হয়ে গেলেও কাউকে এখনো পর্যন্ত গ্রেফতার করা হয়নি। আশিক মুজবনগর ডিগ্রী কলেজের শিক্ষার্থী। তার বিরুদ্ধে মাদক মামলাসহ ইভটিজিং ও বিভিন্ন অপকর্মের অভিযোগ রয়েছে। কিন্তু এখনো কলেজ কতৃপক্ষ তার বিরুদ্ধে কোন ব্যবস্থা নেয়নি। এ ছাড়াও বক্তারা

বলেন, যতদিন পর্যন্ত ন্যায় বিচার না হবে ততদিন আমরা অন্দোলন চালিয়ে যাবো। প্রয়োজনে এর চাইতেও কঠোর কর্মসূচির ঘোষনা দেওয়া হবে। আশিকরে বিরুদ্ধে অভিযোগ করে বক্তারা বলেন, কিছু দিন আগেও মুজিবনগর সরকারি ডিগ্রী কলেজে কয়েকটা মেয়েকে সে উত্যক্ত করে। এ জন্য কলেজ প্রিন্সিপালের কাছে অভিযোগ দেয় মেয়েরা কিন্তু তাতে কোন লাভ হয়নি। এ জন্য প্রিন্সিপালের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া দরকার বলে মনে করেন ছাত্রলীগ নেতারা। এসময় উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি কলেজের ছাত্রলীগ নেতাকর্মিরা ও সাধারণ শিক্ষর্থীরা।
উল্লেখ্য, গত ৩০ সেপ্টম্বর মুজিবনগর সরকারি ডিগ্রী কলেজ গেটে মুজিবনগর কলেজ ছাত্রলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক আশিকের নেতৃত্বে সাবেক সাধারণ সম্পাদক ও বর্তশান মেহেরপুর জেলা ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক তুষার ইমরানের উপর হামলা চালানো হয়। পরে তাকে মূমুর্ষ অবস্থায় উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে আসা হয়।

মেহেরপুরে ছাত্রলীগ নেতার উপর হামলার ঘটনায় আসামীদের গ্রেফতারের দাবীতে আবারো বিক্ষোভ

মেহেরপুর জেলা ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও মুজিবনগর সরকারী ডিগ্রি কলেজ ছাত্রলীগের সাবেক সাধারন সম্পাদক তুষার ইমরান এর ওপর হামলার ঘটনায় আসামীদের দ্রুত গ্রেফতারের দাবিতে আবারো বিক্ষোভ মিছিল। বুধবার সন্ধায় মুজিবনগর উপজেলার বিদ্যাধরপুর ক্লাব থেকে দারিয়পুর ইউনিয়নবাসী আয়োজনে এ বিক্ষোভ মিছিল বের করা হয় ।

মেহেরপুর জেলা ছাত্রলীগের সহ সম্পাদক আলমগীর হোসেনের নেতৃত্বে এর নেতৃত্বে বিক্ষোভ মিছিলটি ক্লাব থেকে শুরু করে দারিয়াপুর

বাজার গিয়ে পুনরায় ক্লাবে গিয়ে শেষ হয়। এ সময় বিক্ষোভ মিছিলে অংশ নেন জেলা ছাত্রলীগের সহসভাপতি আব্দুর রহমান রাব্বি, সহ সম্পাদক হুসাইন আলমগীর, দারিয়াপুর ইউনিয়ন ছাত্রলীগের যুগ্ম সাধারন সম্পাদক শাহ্ আলম, মোনাখালী ইউনিয়ন ছাত্রলীগের সাবেক সাধারন সম্পাদক পলাশ ইসলামসহ ছাত্রলীগের নেতৃবৃন্দ ও স্থানীয় জনগন।

এ সময় বক্তারা ছাত্রলীগ নেতা তুষার ইমরান এর ওপর হামলাকারী মুজিবনগর সরকারি ডিগ্রী কলেজের সাবেক সাংগঠনিক সম্পাদক আশিকসহ সকল আসামীদের দ্রুত গ্রেফতার করার দাবী জানান। এসময় বক্তারা বলেন, আশিক দীর্ঘ দিন ধরে মাদকাসক্ত । তার নামে মুজিবনগর থানায় মাদকের মামলা রয়েছে।

আমরা আশিকসহ তুষার এর উপর হামলাকারীদের দ্রুত বিচার চাই। এছাড়াও আসামীদের দ্রুত গ্রেফতার করার দাবী জানিয়ে প্রশাসনের দৃষ্টি আকর্ষন করেন তারা। আহত তুষারের পিতা মুকুল হোসেন ছেলের উপর হামলার সুষ্ঠ বিচার দাবি করেন।

উল্লেখ্য, গত সোমবার দুপুরে কলেজ থেকে বাড়ি ফেরার পথে কলেজ গেটের কাছে সাবেক সাংগঠনিক সম্পাদক আশিকের নেতৃত্বে তার কয়েকজন সহকর্মীরা মিলে তুষার ইমরানের উপর হামলা চালিয়ে আহত করে পালিয়ে যায়। পরে স্থানীয়রা আহত অবস্থায় তুষার কে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করে।

মুজিবনগর প্রতিনিধিঃ

বৃহস্পতিবার মেহেরপুর প্রতিদিন’র সম্পাদক ইয়াদুল মোমিনের দ্বিতীয় অপারেশন:

[redacted]

[redacted]'[redacted] [redacted] [redacted] [